# FIRE SAFETY IN THE HOME

# বাড়ির আভ্যন্তরীণ অগ্নি নিরাপত্তা

FIRE KILLS
YOU CAN PREVENT IT

BENGALI


DPL 1003

## Did you know…?

- You're twice as likely to die in a fire if you don't have a smoke alarm that works.
- 90 people die each year because the battery in their smoke alarm was flat or missing.
- Over half of home fires are caused by cooking accidents.
- More than five fires a day are started by candles.
- Every three days someone dies from a fire caused by a cigarette.
- Faulty electrics (appliances, wiring and overloaded sockets) cause around 7,000 house fires across the country every year.

## আপনি কি জানতেন… ?

- যদি আপনার কাছে সচল স্মোক এলার্ম না থাকে তবে আগুনে পুড়ে মৃত্যুর সম্ভাবনা দ্বিগুন।
- স্মোক এলার্মের ব্যাটারী নিঃশেষ হয়ে যাওয়া বা না থাকার কারণে প্রতি বছর 90 জন মানুষের মৃত্যু ঘটে।
- অর্ধেকের বেশি গৃহস্থালী অগ্নিকান্ড ঘটে রান্নাকালীন দুর্ঘটনা দ্বারা।
- দৈনিক পাঁচটিরও বেশি অগ্নিকান্ডের সূত্রপাত হয় মোমবাতির দ্বারা।
- প্রতি তিন দিনে একজন ব্যক্তি সিগারেট দ্বারা প্রজ্বলিত আগুনে মৃত্যুবরণ করে।
- দেশব্যাপী প্রতি বছর প্রায় 7000 গৃহস্থালী অগ্নিকান্ডের সূত্রপাত হয় ত্রুটিযুক্ত বিদ্যুৎ ব্যবস্থার কারণে (যেমন- বৈদ্যুতিক সরঞ্জামাদি, ওয়্যারিং (তার সংযোজন প্রণালী) ও ওভারলোডেড (অতিরিক্ত চার্জযুক্ত) সকেট।

# PROTECT YOUR HOME WITH SMOKE ALARMS

## স্মোক এলার্ম দ্বারা আপনার বাড়ি সুরক্ষিত করুন



The easiest way to protect your home and family from fire is with a smoke alarm.

Get it. Install it. Check it. It could save your life.

অগ্নি দূর্ঘটনা থেকে আপনার বাড়ি ও পরিবারের সুরক্ষায় স্মোক এলার্মই সর্বাপেক্ষা সহজ উপায়।

এটি জোগাড় করুন । এটি স্থাপন করুন। এটি পরীক্ষা করুন। এটি আপনার জীবন রক্ষা করতে পারে।

# Choosing your smoke alarm

# আপনার স্মোক এলার্ম কিভাবে বাছাই করবেন

- Fit smoke alarms on every level of your home.
- Smoke alarms are cheap and easy to install.
- They are available from DIY stores, electrical shops and most high street supermarkets.
- There are a variety of different models to choose from.
  Your local Fire and Rescue Service will be happy to give you advice on which one is best suited for you.
- Look out for one of these symbols, which shows the alarm is approved and safe.

- আপনার বাড়ির প্রত্যেক তলায় স্মোক এলার্ম লাগান।
- স্মোক এলার্ম সহজে ও কম খরচে স্থাপনযোগ্য।
- স্মোক এলার্ম ডি.আই.ওয়াই স্টোর, বৈদ্যুতিক সরঞ্জামাদির দোকান এবং বেশিরভাগ হাইওয়ে সুপার মার্কেটে পাওয়া যায়।
- বিভিন্ন মডেলের স্মোক এলার্ম পাওয়া যায়। কোন্ মডেলটি সবচেয়ে উপযোগী এ ব্যাপারে লোকাল ফায়ার এন্ড রেসকিউ সার্ভিস আপনাকে পরামর্শ দিতে পেরে খুশী হবে।
- এলার্মটি অনুমোদিত এবং নিরাপদ কি না তা নিশ্চিত হতে নিচের প্রতীকগুলোর মধ্যে যে কোন খুঁজে নিন।

**Top tip**

**গুরুতপণ পরামশ**



**Fit smoke alarms**

**স্মোক এলার্ম লাগান**

British Standard Kitemark

LPCB

£5 আপনার জীবন রক্ষা করতে পারে



# How to make sure your smoke alarm works

**Test the batteries in your smoke alarm every week. Change them every year. Never remove them.**

- Never disconnect or take the batteries out of your alarm if it goes off by mistake.
- Standard battery operated alarms are the cheapest option, but the batteries need to be replaced every year.
- A lot of people forget to check the batteries, so longer life batteries are better.
- An alarm with ten-year batteries is the best option.
- Mains-powered alarms are powered by your home power supply. Generally they don't need replacable batteries, but need to be installed by a qualified electrician.
- Alarms that plug into a light socket use a rechargeable battery, which is charged when the light is on.
- You can even have linked alarms installed, so that when one alarm detects a fire they all go off together. This is useful if you live in a large house or over several levels.

Strobe light and vibrating pad alarms are available for those who are deaf or hard of hearing. Contact the Royal Institute for Deaf People Information Line on **0808 808 0123**

# আপনার স্মোক এলার্ম সচল আছে কিনা তা নিশ্চিত করার উপায়

**পতি সপ্তাহে আপনার স্মোক এলামটির ব্যাটারী পরীক্ষা করুন। পতি বছর এটি পরিবতন করুন। কখনো এগুলি সরিয়ে রাখবেন না।**

- আপনার স্মোক এলার্ম ভুলবশতঃ চালু হয়ে গেলে এটি কখনো বিচ্ছিন্ন করে রাখবেন না অথবা ব্যাটারী গুলো এলার্ম হতে বের করে রাখবেন না।
- মানসম্মত ব্যাটারীচালিত এলার্ম সবচেয়ে সস্তা ব্যবস্থা, কিন্তু ব্যাটারী প্রতি বছর পরিবর্তন করতে হবে।
- অনেকেই ব্যাটারী পরীক্ষা করতে ভুলে যায়, সুতরাং দীর্ঘমেয়াদী ব্যাটারী ব্যবহার করাই উত্তম।
- দশ বছর মেয়াদী ব্যাটারী-ই সবচেয়ে ভালো ব্যবস্থা।
- আপনার বাড়ির বিদ্যুৎ সরবরাহ হতে মেইন্স-পাওয়ারড এলার্মে বিদ্যুৎ সরবরাহ করা হয়। সাধারণত এই ক্ষেত্রে পরিবর্তনযোগ্য ব্যাটারী দরকার হয় না, কিন্তু এটা একজন দক্ষ বৈদ্যুতিক মিস্ত্রী দ্বারা স্থাপন হয়।
- বৈদ্যুতিক বাতির সকেটে স্থাপিত এলার্মে রিচার্জেবল ব্যাটারী ব্যবহৃত হয়, বাতি জ্বললে এগুলো চার্জ হয়।
- আপনি আন্তঃসংযোগকৃত এলার্মও ব্যবহার করতে পারেন, এর ফলে কোন একটি এলার্ম আগুন চিহ্নিত করলে সবগুলোই একসাথে বেজে ওঠে। আপনি যদি একটি বড় বাড়িতে অথবা কয়েক তলা জুড়ে বসবাস করেন তাহলে এই ব্যবস্থা আপনার সহায়ক হবে।

বধির অথবা কানে কম শোনা ব্যক্তিদের জন্য স্টোব লাইট এবং ভাইবেটিং প্যাড পাওয়া যায়। রয়েল ইনস্টিটিউট ফর ডেফ পিপল ইনফরমেশন লাইন এ **0808 808 0123** নম্বরে যোগাযোগ করুন।

**Top tip**

**গুরুতপণ পরামশ**



**Test it**

**পরীক্ষা করুন**



# Fitting your smoke alarm

- Don't put alarms in or near kitchens or bathrooms where smoke or steam can set them off by accident.
- The ideal position is on the ceiling, in the middle of a room, or on the hallway and landing, so you can hear the alarm throughout your home.
- If it is difficult for you to fit your alarm yourself contact your local Fire and Rescue Service for help. They'll be happy to install it for you.



## আপনার স্মোক এলার্ম যেখানে স্থাপন করবেন

- রান্না ঘর বা বাথরুমের কাছাকাছি স্মোক এলার্ম স্থাপন করবেন না। কারণ এসব স্থানে দূর্ঘটনাবশতঃ ধোঁয়া বা বাষ্প স্মোক এলার্ম চালিয়ে দিতে পারে।
- স্মোক এলার্ম স্থাপন করার আদর্শ স্থান হচ্ছে সিলিং, ঘরের মাঝামাঝি কোন স্থান অথবা হলওয়ে এবং ল্যান্ডিং-এর উপর, যাতে আপনি পুরো বাড়ি জুড়েই এলার্ম শুনতে পান।
- যদি এলার্ম স্থাপন করা আপনার জন্য কষ্টসাধ্য হয় তবে আপনি লোকাল ফায়ার এন্ড রেসকিউ সার্ভিসের সাহায্য নিন, আপনার জন্য তারা তা সানন্দেই স্থাপন করবে।





# Looking after your smoke alarm

- Make checking your smoke alarm part of your regular household routine.
- Test it by pressing the button until the alarm sounds. If it doesn't sound, you need to replace the battery.
- If your smoke alarm starts to beep on a regular basis, you need to replace the battery immediately.
- If it is a ten year alarm, you will need to replace the whole alarm every ten years.

## Other equipment you could consider

- Fire blankets are used to put out a fire or wrap a person whose clothes are on fire. They are best kept in the kitchen.
- Fire extinguishers shoot out a jet to help control a fire. They are quick and simple to use, but always read the instructions first.

# আপনার স্মোক এলার্মের পরিচর্যা

- স্মোক এলার্ম পরীক্ষণ আপনার গৃহস্থালী রুটিনের অংশ হিসেবে বিবেচনা করুন।
- এটি পরীক্ষার জন্য এলার্ম বেজে ওঠা পর্যন্ত বোতাম চেপে রাখুন। এটা যদি আওয়াজ না করে, তাহলে ব্যাটারী পরিবর্তন করা আপনার প্রয়োজন।
- যদি আপনার স্মোক এলার্ম নিয়মিত বাজতে শুরু করে, তবে দ্রুত ব্যাটারী বদলানো উচিত।
- যদি এটি দশ বছর মেয়াদী এলার্ম হয় তবে পুরো এলার্মটি প্রতি দশ বছর অন্তর বদলাতে হবে।

## অন্যান্য যন্ত্রপাতি যা আপনি বিবেচনা করতে পারেন

- আগুন নিভাতে অগ্নি নির্বাপক কম্বল ব্যবহার করা যায় বা কোন ব্যক্তির কাপড়ে আগুন লাগলে তাকে কম্বলে মুড়িয়ে ফেলুন। এগুলি রান্নাঘরে রাখাই যুক্তিযুক্ত।
- অগ্নি নির্বাপক যন্ত্র আগুন নিভাতে জেট নিক্ষেপ করে। এগুলো দ্রুত এবং সহজেই ব্যবহার করা যায়, কিন্তু সবসময় নির্দেশনাগুলো প্রথমে পড়ে নিন।



**Test it**

**পরীক্ষা করুন**



**Change it**

**পরিবর্তন করুন**



**Replace it**

**প্রতিস্থাপন করুন**

# HOW TO PREVENT COMMON FIRES

IN THE KITCHEN
ELECTRICS
CIGARETTES
CANDLES

This section will tell you how you can avoid fires in your home, including how to cook safely and take care with electrics, candles and cigarettes.

## কিভাবে সাধারণ আগুন পতিরোধ করা যায় রানা ঘরে বৈদ্যতিক সিগারেটের মোমবাতির

আপনি কিভাবে আগুন এড়িয়ে নিরাপদে রানা করতে এবং বৈদ্যতিক যন্পাতি, মোমবাতি এবং সিগারেট ব্যবহার করতে পারেন সে সম্পকে এই অংশটক ধারণা দেবে।

# In the kitchen

## How to cook safely

**Avoid leaving children in the kitchen alone when cooking on the hob. Keep matches and sauce pan handles out of their reach to keep them safe.**

- Take extra care if you need to leave the kitchen whilst cooking, take pans off the heat or turn them down to avoid risk.
- Make sure saucepan handles don't stick out – so they don't get knocked off the stove.
- Take care if you're wearing loose clothing – they can easily catch fire.
- Keep tea towels and cloths away from the cooker and hob.
- Spark devices are safer than matches or lighters to light gas cookers, because they don't have a naked flame.
- Double check the cooker is off when you've finished cooking

### Top tip

গুরুতপণ পরামশ







**Keep out of reach**

নাগালের বাইরে রাখুন

## Take care with electrics

- Keep electrics (leads and appliances) away from water.
- Check toasters are clean and placed away from curtains and kitchen rolls.
- Keep the oven, hob and grill clean and in good working order. A build up of fat and grease can ignite a fire.

**Don't put anything metal in the microwave**

## Deep fat frying

- Take care when cooking with hot oil – it sets alight easily.
- Make sure food is dry before putting it in hot oil so it doesn't splash.
- If the oil starts to smoke – it's too hot. Turn off the heat and leave it to cool.
- Use a thermostat controlled electric deep fat fryer. They can't overheat.

## What to do if a pan catches fire

- Don't take any risks. Turn off the heat if it's safe to do so. Never throw water over it.
- Don't tackle the fire yourself.



# রান্না ঘরে

## নিরাপদে রান্না করার উপায়

**যখন আপনি হব এ (খোলা পাত্রে) রানা করবেন তখন বাচ্চাদের রানা ঘরে একাকী রাখা উচিত নয়। বাচ্চাদেরকে নিরাপদে রাখতে দিয়াশলাই এবং সসপ্যানের হাতল তাদের ধরা ছোয়ার বাইরে রাখন।**

- আপনাকে যদি রান্নারত অবস্থায় রান্নাঘর ত্যাগ করতে হয় তাহলে বাড়তি সতর্কতা অবলম্বন করুন, ঝুঁকি এড়াতে সসপ্যান্‌গুলো আগুনের উপরে রাখবেন না বা আগুন নিভিয়ে রাখুন।
- সস্‌প্যানের হাতল যেন বের হয়ে না থাকে তা নিশ্চিত করুন - যাতে করে এগুলো ধাক্কা লেগে চুলা থেকে পড়ে না যায়।
- যদি আপনি ঢিলেঢালা কাপড় পরিধান করেন তবে অতিরিক্ত সতর্ক থাকুন - কারণ এগুলোতে সহজেই আগুন লাগতে পারে।
- টি-টাওয়েল (ধোয়া-মোছার কাপড়) এবং কাপড়-চোপড় চুলা ও হব থেকে দূরে রাখুন।
- গ্যাসের চুলা জ্বালাতে দিয়াশলাই বা লাইটার এর চেয়ে স্পার্ক (স্ফুলিঙ্গ) যন্ত্রই অধিক নিরাপদ, কারণ এগুলোতে উন্মুক্ত অগ্নিশিখা থাকে না।
- যখন আপনি রান্না শেষ করেন তখন চুলাটি নেভানো কি না তা দ্বিতীয়বার পরীক্ষা করুন।









**Take care with hot oil**

**উত্তপ্ত তেলের ব্যাপারে সতর্ক থাকুন**

## বৈদ্যুতিক যন্ত্রের পরিচর্যা

- বৈদ্যুতিক যন্ত্রাদি (লিডস্‌ এবং সরঞ্জামাদি) পানি থেকে দূরে রাখুন।
- টোস্টারগুলো পরিস্কার কি না তা পরীক্ষা করুন এবং পর্দা ও কিচেন রোল থেকে দূরে রাখুন।
- আপনার ওভেন, হব এবং গ্রীল পরিস্কার ও ভালোভাবে সচল রাখুন। জমে উঠা চর্বি এবং গ্রীজ আগুনকে প্রজ্জ্বলিত করতে পারে।

**মাইক্রোওয়েভের ভিতর ধাতব জাতীয় কোন কিছ রাখবেন না।**

## ডিপ ফ্যাট ফ্রাইং (বেশী তেলে ভাজা)

- উত্তপ্ত তেল দিয়ে রান্না করার সময় সচেতন থাকুন - এ থেকে সহজেই আগুন লাগতে পারে।
- খাবার উত্তপ্ত তেলে দেওয়ার আগে নিশ্চিত করুন যে তা শুস্ক, যাতে তা না ছিটায়।
- যদি তেল থেকে ধোঁয়া বের হতে শুরু করে তাহলে বুঝতে হবে তা অতিরিক্ত উত্তপ্ত। এই অবস্থায় আগুন নিভিয়ে তেল ঠান্ডা হতে দিন।
- থার্মোস্ট্যাট নিয়ন্ত্রিত বৈদ্যুতিক ডিপ ফ্যাট ফ্রাইয়ার ব্যবহার করুন। এগুলো অতিরিক্ত উত্তপ্ত হবে না।

## পাত্রে আগুন লাগলে করণীয়

- কোন ঝুঁকি নিবেন না। আগুন নিভানো নিরাপদ হলে তা নিভিয়ে দিন। কখনো এর উপর পানি ছিটাবেন না।
- আপনি নিজে নিজে আগুনের মোকাবিলা করবেন না।

**বের হোন**
**দূরে থাকুন**
**এবং ফোন করুন**
**999**



# Electrics

# ইলেকট্রিক্স

## How to avoid electrical fires

- Always check that you use the right fuse to prevent overheating.
- Make sure an electrical appliance has a British or European safety mark when you buy it.
- Certain appliances, such as washing machines, should have a single plug to themselves, as they are high powered.
- Try and keep to one plug per socket.

## বৈদ্যুতিক অগ্নিকান্ড এড়ানোর উপায়

- আপনি অতিরিক্ত উত্তপ্ত অবস্থা প্রতিরোধে সঠিক ফিউজ ব্যবহার করছেন কি না সে ব্যাপারে সর্বদা নিশ্চিত থাকুন।
- বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়ের সময় তাতে বৃটিশ বা ইউরোপিয়ান নিরাপত্তা চিহ্ন আছে কিনা নিশ্চিত হোন।
- কিছু সরঞ্জামাদি, যেমন ওয়াশিং মেশিনের ক্ষেত্রে, যেন একটি মাত্র প্লাগ থাকে, কেননা এগুলো উচ্চ বৈদ্যুতিক ক্ষমতা সম্পন্ন।
- প্রত্যেক সকেটে একটি প্লাগ রাখার চেষ্টা করুন।

**Top tip**

**গুরুতপণ পরামশ**





**Don’t overload**

**ওভারলোড করবেন না**

## Know the limit!

**An extension lead or adaptor will have a limit to how many amps it can take, so be careful not to overload them to reduce the risk of a fire.**

**Appliances use different amounts of power – a television may use a 3amp plug and a vacuum cleaner a 5amp plug for example.**

**5 + 5 + 3 = 13**

**AMP এ্যাম্প + AMP এ্যাম্প + AMP এ্যাম্প = AMP এ্যাম্প**



## বৈদ্যুতিক সীমা সম্পর্কে নিশ্চিত হোন

একটি এক্সটেনসন লোড বা এডাপ্টর কত এ্যাম্প (amp) নিতে পারে তার একটি সীমা আছে, কাজেই অগ্নিকান্ডের ঝুঁকি কমানোর জন্য এগুলো যাতে ওভারলোড না হয় সে ব্যাপারে সতর্ক থাকুন।

বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জামাদি বিভিন্ন মাত্রার বিদ্যুৎ ব্যবহার করে - উদাহরণ স্বরূপ; একটি টেলিভিশন ৩ এ্যাম্প (amp) প্লাগ ব্যবহার করে এবং একটি ভ্যাকুয়াম ক্লিনার ৫ এ্যাম্প (amp) প্লাগ ব্যবহার করে।

## Keep electrical appliances clean and in good working order to prevent them triggering a fire.

- Keep your eyes peeled for signs of dangerous or loose wiring such as scorch marks, hot plugs and sockets, fuses that blow or circuit-breakers that trip for no obvious reasons, or flickering lights.
- Check and replace any old cables and leads, especially if they are hidden from view – behind furniture or under carpets and mats.
- Unplugging appliances helps reduce the risk of fire.
- Unplug appliances when you're not using them or when you go to bed.

### Using an electric blanket

- Don't leave electric blankets folded as this damages the internal wiring. Store them flat or rolled up instead.
- Unplug blankets before you get into bed, unless it has a thermostat control for safe all-night use.
- Try not to buy second hand blankets and check regularly for wear and tear.

### Portable heaters

- Try to secure heaters up against a wall to stop them falling over.
- Keep them clear from curtains and furniture and never use them for drying clothes.

### Furniture

- Always ensure that your furniture has the fire-resistant permanent label.




## বৈদ্যুতিক সঞ্জরামাদি পরিস্কার রাখন এবং অগ্নিকান্ড পতিরোধের জন্য সেগুলোকে সঠিকভাবে সচল রাখন।

- এসব জিনিষের ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে, বিপদজনক অথবা আলগা ওয়্যারিং যেমন- ঝলসানো চিহ্ন, গরম প্লাগ এবং সকেট সমূহ, কোন কারণ ছাড়াই যেসব ফিউজ জ্বলে যায় অথবা যেসব সার্কিট ব্রেকার বন্ধ হয়ে যায় অথবা যেসব লাইট কাঁপতে থাকে।
- কোন পুরাতন কেবল্‌স এবং লিড্‌স্ পরীক্ষণ এবং পুনঃস্থাপন করুন, বিশেষত আসবাবপত্রের পিছনে অথবা কার্পেট এবং ম্যাটের নীচে সেগুলো যদি চোখের আড়ালে থাকে।
- প্লাগ খুলে রাখা সরঞ্জামাদি আগুনের ঝুঁকি কমাতে সাহায্য করে।
- যখন আপনি সরঞ্জামাদি ব্যবহার করবেন না অথবা বিছনায় যাবেন তখন সেগুলোর প্লাগ খুলে রাখুন।

### বৈদ্যুতিক কম্বলের ব্যবহার

- বৈদ্যুতিক কম্বলকে ভাঁজ করে রেখে যাবেন না যেহেতু এটা আভ্যন্তরীণ ওয়্যারিংকে নষ্ট করে ফেলে। সেগুলোকে বিছিয়ে রাখুন অথবা রোল করে রাখুন।
- বিছানায় যাওয়ার আগে কম্বলগুলোর প্লাগ খুলে রাখুন যদি না নিরাপদ ভাবে সারারাত ব্যবহারের জন্য এটার মধ্যে থার্মোস্ট্যাট (উষ্ণতা নিয়ন্ত্রণের ক্ষমতা) থাকে।
- পুরোনো কম্বল না কেনার চেষ্টা করুন এবং কোন জায়গায় ছেঁড়া ও ফাটা আছে কিনা তা প্রতিনিয়ত পরীক্ষা করুন।

### বহনযোগ্য হিটারসমূহ

- হিটারসমূহকে দেয়ালের দিকে নিরাপদ ভাবে রাখুন যেন সেগুলো পড়ে না যায়।
- পর্দা এবং আসবাবপত্র থেকে সেগুলোকে দূরে রাখুন এবং সেগুলোকে কাপড় শুকানোর জন্য ব্যবহার করবেন না।

### আসবাবপত্র

- সর্বদা নিশ্চিত করুন যে, আপনার আসবাবপত্রে আগুন প্রতিরোধের স্থায়ী লেবেল আছে।

# Cigarettes

# সিগারেট

**Stub cigarettes out properly and dispose of them carefully. Put them out. Right out!**

**সিগারেট সঠিকভাবে নিভিয়ে সতকতার সাথে ফেলন। এগুলো নিভিয়ে ফেলন। দেরি না করে, এখনই!**

- Never smoke in bed.
- Use a proper ashtray – never a wastepaper basket.
- Make sure your ashtray can't tip over and is made of a material that won't burn.
- Don't leave a lit cigarette, cigar or pipe lying around. They can easily fall over and start a fire.
- Take extra care if you smoke when you're tired, taking prescription drugs, or if you've been drinking. You might fall asleep and set your bed or sofa on fire.
- Keep matches and lighters out of children's reach.
- Consider buying child resistant lighters and match boxes.

- কখনো বিছানায় ধুমপান করবেন না।
- একটি উপযুক্ত এ্যাশট্রে (ছাইদানি) ব্যবহার করুন - কখনোই ময়লা কাগজ ফেলার বাক্স ব্যবহার করবেন না।
- নিশ্চিত হোন যাতে আপনার ছাইদানি উল্টে না যায় এবং সেটা এমন বস্তু দ্বারা তৈরি যা পুড়বে না।
- জ্বলন্ত সিগারেট, সিগার এবং পাইপ রেখে কোথাও যাবেন না। এগুলো পড়ে গিয়ে অতি সহজেই আগুন ছড়াতে পারে।
- আপনি যদি ক্লান্ত থাকেন অথবা ডাক্তারের পরামর্শে ওষুধ সেবন অথবা মদ্যপান করেন তবে ধূমপানের সময় অধিক সতর্ক থাকুন। আপনি ঘুমিয়ে পড়তে পারেন এবং আপনার বিছানা বা সোফায় আগুন ধরে যেতে পারে।
- দিয়াশলাই এবং লাইটার শিশুদের নাগালের বাইরে রাখুন।
- শিশুদের ব্যবহার অনুপযোগী লাইটার এবং দিয়াশলাই বাক্স কেনার ব্যাপারটি বিবেচনা করুন।

## Top tip

## গুরুতপণ পরামশ







**Put them out. Right out!**

**এগুলো নিভিয়ে ফেলুন। এখনই!**

**Matchboxes now carry this warning label**



**দিয়াশলাইয়ের বাক্সগুলো এখন এই ধরনের সতর্কতামূলক লেবেল বহন করে**

# Candles

# মোমবাতি

**Make sure candles are secured in a proper holder and away from materials that may catch fire like curtains.**

**আপনি এটা নিশ্চিত করুন যে, মোমবাতিগুলো উপযক্ত মোমদানিতে রাখা হয়েছে এবং সহজেই আগুন ধরতে পারে এমন বস্, যেমন পদা হতে দরে রাখা আছে।**

- Put candles out when you leave the room, and make sure they're put out completely at night.
- Use a snuffer or a spoon to put out candles. It's safer than blowing them out when sparks can fly.
- Children shouldn't be left alone with lit candles.

- আপনি কক্ষ ত্যাগ করার সময় মোমবাতি নিভিয়ে ফেলুন এবং রাতের বেলা এগুলো যাতে সম্পূর্ণরূপে নিভিয়ে রাখা হয় তা নিশ্চিত করুন।
- মোমবাতি নিভানোর জন্য বাতির পোড়া শিস কাটার যন্ত্র অথবা চামচ ব্যবহার করুন। ফু দিয়ে নিভানোর চেয়ে এটা অধিকতর নিরাপদ কারণ ফু দিয়ে নিভানোর সময় অগ্নি স্ফুলিঙ্গ বের হতে পারে।
- জ্বলন্ত মোমবাতির কাছাকাছি জায়গায় বাচ্চাদের একা ছাড়বেন না।

**Top tip**

**গুরুতপণ পরামশ**



**Be careful with candles**

**মোমবাতি ব্যবহারে সতর্ক থাকুন**

# PLAN A SAFE ESCAPE



# নিরাপদে বহির্গমনের পরিকল্পনা

**Fitting a smoke alarm is the first crucial step to protecting yourself from fire. But what would you do if it went off during the night?**

আগুন থেকে আপনাকে রক্ষার সবচেয়ে গুরুতপণ উপায় হচ্ছে একটি স্মোক এলাম স্থাপন করা। কিন্তু রাতে এটা বন্ধ হয়ে গেলে আপনি কি করবেন?

**This section will help you make a plan ready for an emergency.**

এই অধ্যায়টি জরুরী অবস্থা মোকাবিলায় আপনাকে পরিকল্পনা পণয়নে সাহায্য করবে।

# Be prepared by making a plan of escape

# বহির্গমনের পরিকল্পনা প্রণয়ন করে প্রস্তুত থাকুন

- Plan an escape route and make sure everyone knows how to escape.
- Make sure exits are kept clear.
- The best route is the normal way in and out of your home.
- Think of a second route in case the first one is blocked.
- Take a few minutes to practice your escape plan.
- Review your plan if the layout of your home changes.

- বহির্গমন পথের ব্যাপারে পরিকল্পনা করুন এবং সবাই যেন বহির্গমনের পথটি জানে তা নিশ্চিত করুন।
- বহির্গমনের পথগুলো যেন পরিস্কার থাকে তা নিশ্চিত করুন।
- ঘরে ঢোকার এবং বাহির হওয়ার স্বাভাবিক পথটিই সবচেয়ে ভালো।
- একটি দ্বিতীয় পথও ভেবে রাখুন যেন প্রথম পথটি বন্ধ থাকলে ব্যবহার করতে পারেন।
- আপনার বহির্গমনের পরিকল্পনা অনুশীলনের জন্য কিছু সময় বের করে নিন।
- আপনার বাড়ির নকশা পরিবর্তিত হলে পরিকল্পনাটি পূনর্বিবেচনা করুন।



**Keep door and window keys where everyone can find them**

দরজার এবং জানালার চাবি সকলের নাগালের মধ্যে রাখুন।

## Top tip
## গুরুতপণ পরামশ





**Plan an escape route**

**একটি বহির্গমন পথ পরিকল্পনা করুন**

# What to do if there is a fire

# আগুন লাগলে করণীয়

**Don’t tackle fires yourself. Leave it to the professionals.**

- Keep calm and act quickly, get everyone out as soon as possible.
- Don’t waste time investigating what’s happened or rescuing valuables.
- If there’s smoke, keep low where the air is clearer.
- Before you open a door check if it’s warm. If it is, don’t open it – fire is on the other side.
- Call 999 as soon as you’re clear of the building. 999 calls are free.

**আপনি নিজে নিজে আগুনের মোকাবিলা করবেন না। পেশাদারদের এই কাজটি করতে দিন।**

- শান্ত থাকুন এবং দ্রুত কাজ করুন, সবাইকে যত তাড়াতাড়ি সম্ভব বের করে নিন।
- কি ঘটেছিল তা অনুসন্ধান করতে অথবা মূল্যবান জিনিস উদ্ধারে সময় অপচয় করবেন না।
- ধোঁয়া থাকলে, মাথা নিচু রাখুন কারণ নিচের দিকে বাতাস পরিষ্কার থাকে।
- দরজা খোলার আগে সেটা গরম কি না পরীক্ষা করে নিন। যদি তা হয়, তাহলে দরজা খুলবেন না - কারণ বাইরের দিকেই আগুন রয়েছে।
- দালান থেকে বের হওয়ার সাথে সাথে 999 নম্বরে ফোন করুন। 999 নম্বরে ফোন করতে কোন খরচ হয় না।

## Top tip
## গুরুতপণ পরামশ




**Get out, stay out and call 999**

**বের হোন, দূরে থাকুন এবং 999 নম্বরে ফোন করুন**

# What to do if your clothes catch fire

# আপনার কাপড়ে আগুন লাগলে যা করণীয়

Don’t run around, you’ll make the flames worse.

এদিক সেদিক দৌড়াদৌড়ি করবেন না, এতে করে আগুন আরো বেড়ে যেতে পারে।

Lie down and roll around. It makes it harder for the fire to spread.

শুয়ে পড়ন এবং গড়াগড়ি খান। তাহলে আগুন সহজে ছড়াতে পারবে না।

Smother the flames with a heavy material, like a coat or blanket.

ভারি কোন কিছ যেমন কোট অথবা কম্বল দিয়ে চেপে আগুন পশমিত করুন।

Remember, Stop, Drop and Roll!

মনে রাখবেন; থামন, শুয়ে পড়ন এবং গড়াগড়ি খান।



**STOP!**

**থামন!**



**DROP!**

**শুয়ে পড়ন!**



**ROLL!**

**গড়াগড়ি খান!**

# What to do if your escape is blocked

# বহির্গমন পথ অবরুদ্ধ থাকলে আপনার করণীয়

- If you can't get out, get everyone into one room, ideally with a window and a phone.
- Put bedding around the bottom of the door to block out the smoke, then open the window and call "HELP FIRE".
- If you're on the ground or first floor, you may be able to escape through a window.
- Use bedding to cushion your fall and lower yourself down carefully. Don't jump.

**If you can't open the window break the glass in the bottom corner. Make jagged edges safe with a towel or blanket.**

- যদি আপনি বের হতে না পারেন, তাহলে সবাইকে নিয়ে একটি কক্ষে অবস্থান করুন, ভাল হয় যদি সেই কক্ষে একটি জানালা এবং একটি টেলিফোনের ব্যবস্থা থাকে।
- দরজার তলদেশে বিছানা, কম্বল ইত্যাদি রাখুন যাতে ধোঁয়া ভেতরে প্রবেশ করতে না পারে। এরপর জানালা খুলুন এবং 'আগুন! আগুন!' বলে চিৎকার করুন।
- যদি আপনি নিচতলা অথবা ২য় তলায় থাকেন, তাহলে হয়তো জানালা দিয়ে বেরিয়ে যেতে সমর্থ হবেন।
- নামার সময় বিছানা, কম্বল ইত্যাদি গদি হিসেবে ব্যবহার করুন এবং সাবধানে নিচের দিকে ঝুঁকে পড়ুন। কখনও লাফ দিবেন না।

**যদি জানালা খলতে না পারেন তাহলে নিচের কোণার অংশ ভেঙ্গে ফেলন। ভাঙ্গার পর নিরাপত্তার জন্য ধারালো পান্শুলোকে টাওয়েল অথবা কম্বল দিয়ে পেচিয়ে নিন।**





# How to escape from a high level building

- Avoid using lifts and balconies if there is a fire.
- It is easy to get confused in smoke, so count how many doors you need to go through to reach the stairs.
- Check there is nothing in the corridors or stairways that could catch fire – like boxes or rubbish.
- Make sure doors to stairways are not locked.
- Make sure everyone in the building knows where the fire alarms are.
- You should still get a smoke alarm for your own home, even if there is a warning system in the block.

# বহুতল ভবন থেকে কিভাবে বের হবেন

- লিফট্ এবং ব্যালকনি পরিহার করুন যদি সেখানে আগুন লেগে থাকে।
- ধোঁয়ার মাঝে আপনি খুব সহজেই বিভ্রান্ত হতে পারেন, আর তাই সিড়ি পর্যন্ত পৌছাতে আপনাকে কয়টি দরজা অতিক্রম করতে হবে তা মনে মনে ঠিক করে নিন।
- করিডোর অথবা সিড়ি পথে আগুন লেগে যেতে পারে এমন কোন কিছু যেমন - বাক্স বা বর্জ্য আছে কিনা তা পরীক্ষা করে নিন।
- সিড়িপথে যাবার দরজা বন্ধ নেই এ ব্যাপারে নিশ্চিত হউন।
- নিশ্চিত করুন যে ভবনের সবাই ফায়ার এলার্মের অবস্থান সম্পর্কে অবহিত আছে।
- বকটির ভিতরে একটি সর্তকীকরণ ব্যবস্থা থাকলেও আপনার নিজ বাড়ির জন্যে একটি স্মোক এলার্ম রাখা উচিত।



পরিস্কার রাখুন



# MAKE A BEDTIME CHECK

# ঘুমাতে যাবার আগে পরীক্ষা করুন



You are more at risk from a fire when asleep. So it's a good idea to check your home before you go to bed.

ঘমন্ত অবস্থায় আপনি অগিকান্ডের শিকার হবার অধিকতর ঝকির মধ্যে থাকেন। আর তাই ঘমানোর পবে ঘরবাড়ি পরীক্ষা করে নেয়াটাই উত্তম।

# Check list

Close inside doors at night to stop a fire from spreading. ☐

Turn off and unplug electrical appliances unless they are designed to be left on – like your freezer. ☐

Check your cooker is turned off. ☐

Don’t leave the washing machine on. ☐

Turn heaters off and put up fireguards. ☐

Put candles and cigarettes out properly. ☐

Make sure exits are kept clear. ☐

Keep door and window keys where everyone can find them. ☐

# চেক লিস্ট

অগ্নি বিস্তার রোধ করতে রাত্রে ঘরের আভ্যন্তরীণ দরজাগুলো বন্ধ রাখুন। ☐

সকল ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ রাখুন এবং সকেট থেকে প্লাগ খুলে রাখুন, যদি না সেগুলো চালু অবস্থায় রাখার জন্য তৈরি করা হয়ে থাকে যেমন- আপনার ফ্রিজ। ☐

চুলা বন্ধ আছে কিনা পরীক্ষা করুন। ☐

ওয়াশিং মেশিন চালু অবস্থায় রেখে যাবেন না। ☐

হিটার বন্ধ রাখুন এবং অগ্নি প্রতিরোধক স্থাপন করুন। ☐

মোমবাতি এবং সিগারেট সঠিকভাবে নিভিয়ে ফেলুন। ☐

ঘর হতে বহির্গমন পথ পরিস্কার আছে কিনা তা নিশ্চিত করুন। ☐

দরজা এবং জানালার চাবি এমন স্থানে রাখুন যেন সবাই খুঁজে পায়। ☐

## Top tip

**গুরুতপণ পরামশ**








**Close inside doors at night**

**রাত্রে বাড়ির ভিতরের দরজাগুলো বন্ধ রাখুন**

# চেক লিস্ট

**ঘুমন্ত অবস্থায় আপনি অগ্নিকান্ডের শিকার হবার অধিকতর ঝুঁকির মধ্যে থাকেন। সুতরাং ভালো অভ্যাস হচ্ছে ঘুমাতে যাবার পূর্বে ঘরবাড়ি পরীক্ষা করা।**

অগ্নি বিস্তার রোধ করতে রাত্রে ঘরের আভ্যন্তরীণ দরজাগুলো বন্ধ রাখুন। ☐

সকল ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ রাখুন এবং সকেট থেকে প্লাগ খুলে রাখুন, যদি না সেগুলো চালু অবস্থায় রাখার জন্য তৈরি করা হয়ে থাকে। যেমন- আপনার ফ্রিজ। ☐

চুলা বন্ধ আছে কিনা সেটা পরীক্ষা করুন। ☐

ওয়াশিং মেশিন চালু অবস্থায় রেখে যাবেন না। ☐

হিটার বন্ধ রাখুন এবং অগ্নি প্রতিরোধক স্থাপন করুন। ☐

মোমবাতি এবং সিগারেট সঠিক ভাবে নিভিয়ে ফেলুন। ☐

ঘর থেকে বহির্গমন পথ পরিস্কার আছে কিনা তা নিশ্চিত করুন। ☐

দরজা এবং জানালার চাবি এমন স্থানে রাখুন যেন সবাই খুঁজে পায়। ☐

FIRE KILLS
YOU CAN PREVENT IT

# ঘুমাতে
# যাবার আগে
# পরীক্ষা করুন





# SMOKE ALARMS SAVE LIVES

For a free home fire risk check contact your local fire and rescue service. The phone number is also in the telephone book (not 999). Or visit www.firekills.gov.uk

## স্মোক এলার্ম জীবন রক্ষা করে

বিনামূল্যে স্মোক এলার্ম পাওয়ার জন্য আপনার লোকাল ফায়ার এন্ড রেসকিউ সার্ভিস-এ যোগাযোগ করুন। প্রতিষ্ঠানটির ফোন নম্বর টেলিফোন বইতেও দেয়া আছে (999 নয়)। অথবা, www.firekills.gov.uk ওয়েব সাইট্‌টি দেখুন।

Published by the Department for Communities and Local Government. ©Crown copyright 2008. Printed in the UK February 2008 on paper comprising no less than 75% post-consumer waste. Product code FS069BE